গাক
Gram Unnayan Karma (GUK)

# তথ্য পরিক্রমা

গাক'র ত্রৈমাসিক প্রকাশনা (জুলাই-সেপ্টেম্বর ২০২৪) সংখ্যা ০৬

## সম্পাদকীয়

আমি অত্যন্ত আনন্দের সাথে জানাচ্ছি যে, গ্রাম উন্নয়ন কর্ম (গাক) কর্তৃক ত্রৈমাসিক ভিত্তিক 'তথ্য পরিক্রমা' ৬ষ্ঠ সংখ্যা প্রকাশিত হচ্ছে। জাতীয় পর্যায়ের বেসরকারী উন্নয়ন সংস্থা গ্রাম উন্নয়ন কর্ম (গাক) ১৯৯৩ সালে প্রতিষ্ঠার পর থেকেই উন্নয়নমূলক বিভিন্ন কর্মকান্ড বাস্তবায়ন করে আসছে। সমাজের পশ্চাৎপদ, অবহেলিত, সুবিধা বঞ্চিত অতিদরিদ্র ও দরিদ্র জনগোষ্ঠীর আর্থ-সামাজিক অবস্থার পরিবর্তন, নারীর ক্ষমতায়ন, কর্মসংস্থান সৃষ্টির মাধ্যমে টেকসই উন্নয়নই সংস্থার মূল লক্ষ্য ও উদ্দেশ্য। বর্তমানে সংস্থাটি সরকারী ও বেসরকারী বিভিন্ন দেশী-বিদেশী দাতা সংস্থার আর্থিক ও কারিগরি সহায়তায় দেশের ৮টি বিভাগের ৫৮টি জেলায় ৪৫০ অফিস ও প্রায় ৫,৫৬০ জন জনবল দ্বারা ২৪টি উন্নয়ন প্রকল্পের মাধ্যমে ৮ লক্ষাধিক পরিবারকে সংগঠিত করে নিরলসভাবে কাজ করে চলেছে। লক্ষিত জনগোষ্ঠির অংশগ্রহণে বিভিন্ন উন্নয়ন কর্মসূচি বাস্তবায়নের পাশাপাশি সংস্থা বগুড়া, দিনাজপুর ও ঢাকায় দরিদ্রবান্ধব চক্ষু হাসপাতাল স্থাপন করে স্বল্প খরচে চক্ষু চিকিৎসা সেবা প্রদান করে আসছে। এছাড়াও সামাজিক এন্টারপ্রাইজ "জিগ্যালোর" প্রতিষ্ঠার মাধ্যমে নারীদের কর্মসংস্থান সৃষ্টি, 'গাক শিশু বিকাশ' উপানুষ্ঠানিক শিক্ষা কেন্দ্র স্থাপন করে শিক্ষার হার বৃদ্ধি এবং মাইক্রোফাইন্যান্স কার্যক্রমের মাধ্যমে গ্রামীন নারী-পুরুষদের ঋণ সহায়তা প্রদান ও কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে বিভিন্ন কর্মসূচি বাস্তবায়ন করছে। এরই ধারাবাহিকতায় জুলাই-সেপ্টেম্বর ২০২৪ পর্যন্ত উল্লেখযোগ্য কিছু কর্মসূচি সম্বলিত সচিত্র প্রতিবেদন 'তথ্য পরিক্রমা' ষষ্ঠ সংখ্যায় প্রকাশ করা হয়েছে। আশা করছি এ প্রকাশনার মাধ্যমে সংস্থার সুফলভোগীসহ অংশীজনগণ সংস্থার কর্মকান্ড সম্পর্কে জানতে পারবেন এবং তথ্য ভান্ডার আরো সমৃদ্ধ হবে।

## সম্পাদনা পরিষদ ঃ

**সম্পাদক ঃ**
ড. খন্দকার আলমগীর হোসেন
প্রতিষ্ঠাতা ও নির্বাহী পরিচালক

**প্রণয়নে ঃ**
ড. মোঃ মাহবুব আলম, সিনিয়র পরিচালক
মোঃ আরমান হোসেন, উপ-পরিচালক
মোঃ জিয়া উদ্দিন সরদার, সমন্বয়কারী-কমিউনিকেশন এন্ড ডকুমেন্টেশন

**প্রকাশনায়ঃ**
কমিউনিকেশন এন্ড ডকুমেন্টেশন বিভাগ
গ্রাম উন্নয়ন কর্ম (গাক)
গাক টাওয়ার, বনানী, বগুড়া।
E-mail: info@guk.org.bd,
Website: www.guk.org.bd
Facebook: https://www.facebook.com/guk.org.bd
Mobile: 01733-366999




## শ্রীলঙ্কার কলম্বোতে সার্কভুক্ত দেশের প্রতিনিধিদের সমন্বয়ে SAARC Agriculture Center কর্তৃক আয়োজিত Regional Expert Consultation কর্মশালায় বিশেষ অতিথি হিসেবে গাক এর নির্বাহী পরিচালক ড. খন্দকার আলমগীর হোসেন এর অংশগ্রহণ

২৯-৩১ জুলাই ২০২৪ তারিখে শ্রীলঙ্কার কলম্বোতে সার্কভুক্ত দেশের প্রতিনিধিদের সমন্বয়ে SAARC Agriculture Center কর্তৃক আয়োজিত Regional Expert Consultation on Preparedness of Member Countries for Addressing Antimicrobial Resistance (AMR) in Livestock শীর্ষক কর্মশালায় গ্রাম উন্নয়ন কর্ম (গাক) এর প্রতিষ্ঠাতা ও নির্বাহী পরিচালক ড. খন্দকার আলমগীর হোসেন বিশেষ অতিথি হিসেবে অংশগ্রহণ করেন। কর্মশালায় টিএসএস এর নির্বাহী পরিচালক কামরুন নাহার, গাক এর সম্মানিত উপদেষ্টা প্রফেসর ড. সায়াদুজ্জামান, সিনিয়র পরিচালক ড. মোঃ মাহবুব আলম, পরিচালক (মনিটরিং এন্ড রিভিউ) হজকিল মোঃ আবু হাসান উপস্থিত ছিলেন। কর্মশালায় সার্কভুক্ত বাংলাদেশ, শ্রীলঙ্কা, ভারত, পাকিস্তান, নেপাল, ভুটান এবং মালদ্বীপ সরকারের উচ্চ পদস্থ কর্মকর্তাগণ, লাইভস্টক স্পেশালিষ্ট, গবেষক, সার্ক পিএইচডি ফেলো এবং বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের অধ্যাপকগণ অংশগ্রহণপূর্বক Antimicrobial Resistance (AMR) বিষয়ক সময়োপযোগী বিভিন্ন গবেষণামূলক পেপার উপস্থাপন করেন। নির্বাহী পরিচালক ড. খন্দকার আলমগীর হোসেন দারিদ্র বিমোচন, নারীর ক্ষমতায়ন, কর্মসংস্থান সৃষ্টি ও লাইভস্টক উন্নয়নে ক্ষুদ্রঋণের ভূমিকা, মানুষ ও গবাদি প্রাণিতে Antimicrobial Resistance (AMR) এর প্রভাব এবং এর মোকাবেলার বিষয়ে লব্ধ অভিজ্ঞতা ও করণীয় দিকসমূহ তুলে ধরেন। কর্মশালায় Antimicrobial Resistance (AMR) বিষয়ে গাক এর গৃহীত পদক্ষেপ সংক্রান্ত একটি পেপার উপস্থাপন করেন সংস্থার সিনিয়র পরিচালক ড. মোঃ মাহবুব আলম।



## আর্ন্তজাতিক কৃষি উন্নয়ন তহবিল (ইফাদ) বাংলাদেশ এর কান্ট্রি ডিরেক্টর ড. ভ্যালেন্টাইন আচানচো কর্তৃক গাক এর "আরএমটিপি প্রকল্প" পরিদর্শন।

গ্রাম উন্নয়ন কর্ম (গাক) কর্তৃক বাস্তবায়নাধীন "নিরাপদ মাংস ও দুগ্ধজাত পণ্যের বাজার উন্নয়ন শীর্ষক ভেল্যুচেইন উপ-প্রকল্প" ইফাদ মিশন কর্তৃক ৯ সেপ্টেম্বর ২০২৪ ইং তারিখে বগুড়া জেলাধীন গাবতলী, সারিয়াকান্দি, শাহাজাহানপুর, শেরপুর এবং বগুড়া সদর উপজেলার ৭ জন উদ্যোক্তার ব্যবসায়িক কর্মকান্ড পরিদর্শন করেন। গাক'র নির্বাহী পরিচালক ড. খন্দকার আলমগীর হোসেন এর সভাপতিত্বে ইফাদ মিশন পরিদর্শন টিম সংস্থার বোর্ড রুমে গাক'র সিনিয়র ম্যানেজমেন্ট টিম এর সাথে মতবিনিময় করেন। উক্ত সভায় গাক'র বিভিন্ন উন্নয়ন কার্যক্রম তুলে ধরা হয়। ইফাদ মিশন পরিদর্শন টিমে উপস্থিত ছিলেন ইফাদ বাংলাদেশ এর কান্ট্রি ডিরেক্টর ড. ভ্যালেন্টাইন আচানচো, পিকেএসএফ এর উপ-ব্যবস্থাপনা পরিচালক ড. আকন্দ মোঃ রফিকুল ইসলাম, ইফাদ ফাইন্যান্স অফিসার মিঃ কায়ডি ফেগবেমি, ইফাদ বাংলাদেশ এর কান্ট্রি প্রোগ্রাম ম্যানেজার রিলা ক্রিক, সোস্যাল ইনক্লুশন কনসালটেন্ট ফারিয়া তাসিন, কমিউনিকেশন এন্ড নলেজ ম্যানেজমেন্ট এডভাইজার ফারহানা উর্মি সহ পিকেএসএফ এর আরএমটিপি প্রকল্পের কর্মকর্তাবৃন্দ। প্রকল্পের মাঠ পর্যায়ের পরিদর্শন কার্যক্রমে সহায়তা করেন গাক'র সিনিয়র পরিচালক ড. মোঃ মাহবুব আলম, পরিচালক (প্রশাসন ও অভ্যন্তরীণ নিরীক্ষা) মোঃ হুমায়ুন খালেদ, পরিচালক (এসএমএপি) মোঃ আবু রায়হান মিয়া, পরিচালক (আইসিটি এন্ড আরএম) মোঃ রায়হানুস সাদাত সহ গাক'র উর্দ্ধতন ও প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দ।

গাক
Gram Unnayan Karma (GUK)

# তথ্য পরিক্রমা

গাক'র ত্রৈমাসিক প্রকাশনা (জুলাই-সেপ্টেম্বর ২০২৪) সংখ্যা ০৬



## গাক'র প্রশিক্ষণ বিভাগ কর্তৃক আয়োজিত ২ দিনব্যাপী ট্রেনিং অন জি-ব্যাংকার ফর অডিট অপারেশন্স অ্যান্ড রির্পোটিং সিষ্টেম ম্যানেজমেন্ট বিষয়ক প্রশিক্ষণ অনুষ্ঠিত

গ্রাম উন্নয়ন কর্ম (গাক) এর প্রশিক্ষণ বিভাগ কর্তৃক আয়োজিত সহকারী নিরীক্ষকদের অংশগ্রহণে ট্রেনিং অন জি-ব্যাংকার ফর অডিট অপারেশন্স অ্যান্ড রির্পোটিং সিষ্টেম ম্যানেজমেন্ট বিষয়ক প্রশিক্ষণ ২৮-২৯ সেপ্টেম্বর ২০২৪ তারিখে গাক প্রশিক্ষণ হল, গাক টাওয়ার, বনানী, বগুড়ায় অনুষ্ঠিত হয়। উক্ত প্রশিক্ষণ কোর্সের সমাপনী সেশনে উপস্থিত ছিলেন গাক'র নির্বাহী পরিচালক ড. খন্দকার আলমগীর হোসেন। তিনি প্রশিক্ষনার্থীদের উক্ত প্রশিক্ষণের শিক্ষন থেকে জ্ঞান নিয়ে মাঠ পর্যায়ে কার্যক্রম নিরীক্ষণে জি-ব্যাংকার সফটওয়ার ব্যবহারের মাধ্যমে ঋণ কার্যক্রম নিরীক্ষা ও প্রতিবেদন তৈরি করার পরামর্শ প্রদান করেন। প্রশিক্ষণের সমাপনী সেশনে আরও উপস্থিত ছিলেন সংস্থার সিনিয়র পরিচালক, পরিচালক (প্রশাসন ও অভ্যন্তরীণ নিরীক্ষা), যুগ্ম পরিচালক (অর্থ ও হিসাব) সহ প্রশিক্ষণ বিভাগের উর্দ্ধতন কর্মকর্তাবৃন্দ।

## গাক'র প্রশিক্ষণ বিভাগ কর্তৃক আয়োজিত ২ দিনব্যাপী ক্ষুদ্রঋণ ব্যবস্থাপনা বিষয়ক মৌলিক প্রশিক্ষণ অনুষ্ঠিত




গ্রাম উন্নয়ন কর্ম (গাক) এর প্রশিক্ষণ বিভাগ কর্তৃক আয়োজিত সদ্য যোগদানকারী ফিল্ড অফিসারদের ক্ষুদ্রঋণ ব্যবস্থাপনা বিষয়ক মৌলিক প্রশিক্ষণ গত ২৪-২৫ সেপ্টেম্বর ২০২৪ তারিখে গাক প্রশিক্ষণ হল, গাক টাওয়ার, বনানী, বগুড়ায় অনুষ্ঠিত হয়। উক্ত প্রশিক্ষণ কোর্সের সমাপনী সেশনে উপস্থিত ছিলেন গাক'র নির্বাহী পরিচালক ড. খন্দকার আলমগীর হোসেন। তিনি প্রশিক্ষনার্থীদের উক্ত প্রশিক্ষণের শিক্ষণ থেকে জ্ঞান নিয়ে মাঠ পর্যায়ে কার্যক্রম বাস্তবায়নে সততা, নিষ্ঠা, স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করার পরামর্শ প্রদান করেন। প্রশিক্ষণের সমাপনী সেশনে আরও উপস্থিত ছিলেন সংস্থার সিনিয়র পরিচালক ড. মোঃ মাহবুব আলম সহ কমিউনিকেশন, মানব সম্পদ ও প্রশিক্ষণ বিভাগের উর্দ্ধতন কর্মকর্তাবৃন্দ।



## গাক কর্তৃক বন্যা কবলিত ৪ জেলার ১৪০০০ মানুষের মাঝে জরুরি ত্রাণ বিতরণ

গ্রাম উন্নয়ন কর্ম (গাক) কর্তৃক দেশের সাম্প্রতিক বন্যায় ক্ষতিগ্রস্ত লক্ষীপুর, কুমিল্লা, নোয়াখালী ও ফেনী জেলার বন্যা কবলিত মানুষের মাঝে প্রাথমিকভাবে ৭ টি শাখার ২০ টি পয়েন্টের মাধ্যমে ২২০০০ মানুষকে একবেলা খাবার ও সুপেয় পানি সরবরাহ করার লক্ষ্যে জরুরি ত্রাণ বিতরণ কর্মসূচি বাস্তবায়ন করা হচ্ছে। এতদপ্রেক্ষিতে গত ২৪ আগষ্ট তারিখ হতে আজ পর্যন্ত প্রায় ১৪০০০ বন্যার্ত মানুষের মাঝে খাবার ও পানি বিতরণ করা হয়েছে। এরই ধারাবাহিকতায় অদ্য সংস্থার কুমিল্লা জোনের মিয়াবাজার শাখার আওতায় জরুরি ত্রাণ বিতরণ কার্যক্রম পরিদর্শন করেন জনাব হজকিল মো: আবু হাসান, পরিচালক মনিটরিং এন্ড রিভিউ, মো: হুমায়ুন খালেদ, পরিচালক প্রশাসন ও অভ্যন্তরীণ নিরীক্ষা, মো: আবজাল হোসেন, ক্রেডিট কো-অর্ডিনেটর মাইক্রোফাইন্যান্স (এসএমএপি) ঢাকা ডিভিশন, মো: জিয়াউদ্দিন সরদার, সমন্বয়কারী-কমিউনিকেশন এন্ড ডকুমেন্টেশন সহ আরো অনেকে। উল্লেখ্য, দেশের বন্যা পরিস্থিতি স্বাভাবিক না হওয়া পর্যন্ত এ কার্যক্রম অব্যাহত থাকে।



## গাক'র শিক্ষা ও স্বাস্থ্য সহায়তা প্রকল্পের আওতায় কক্সবাজার জেলাধীন উখিয়ার বালুখালির রোহিঙ্গা ক্যাম্পের শিক্ষার্থীদের মাঝে স্কুল ইউনিফরম বিতরণ

গ্রাম উন্নয়ন কর্ম (গাক) কর্তৃক বাস্তবায়নাধীন Comfort Aid International এর অর্থায়নে "Education and Health Support of displaced people of Burma and Indigenous Bangladeshi National at Cox's Bazar" প্রকল্পের আওতায় পরিচালিত স্কুলে অধ্যয়নরত শিক্ষার্থীদের মাঝে ২০ আগষ্ট ২০২৪ তারিখে স্কুল ইউনিফরম বিতরন করা হয়। বিতরন অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অতিরিক্ত সচিব (RRRC) জনাব মোঃ মিজানুর রহমান, বিশেষ অতিথি হিসেবে উপ-সচিব এন্ড ক্যাম্প ইন চার্জ (ক্যাম্প ৮-ই, বালুখালি, উখিয়া) জনাব গাজী শরিফুল হাসান, Comfort Aid International এর বাংলাদেশ প্রতিনিধি জনাব মোঃ কাওছার জামাল এবং গাক'র ঋণ কর্মসূচির কর্মকর্তাসহ প্রকল্পের কর্মকর্তাবৃন্দ। অনুষ্ঠান শেষে অতিথিবৃন্দ স্কুলের শিক্ষা কার্যক্রম পরিদর্শন করে সন্তোষ প্রকাশ করেন।

# গাক তথ্য পরিক্রমা

Gram Unnayan Karma (GUK)

গাক'র ত্রৈমাসিক প্রকাশনা (জুলাই-সেপ্টেম্বর ২০২৪) সংখ্যা ০৬




## গাক'র প্রশিক্ষণ বিভাগ কর্তৃক আয়োজিত ২ দিনব্যাপী "Behavioral Modification and Leadership Development on Task Management" প্রশিক্ষণ" অনুষ্ঠিত

গ্রাম উন্নয়ন কর্ম (গাক) এর প্রশিক্ষণ বিভাগ কর্তৃক আয়োজিত মাঠ পর্যায়ের কর্মকর্তাদের দক্ষতা উন্নয়নের লক্ষ্যে ২ দিনব্যাপী "Behavioral Modification and Leadership Development on Task Management"প্রশিক্ষণ" ১৮-১৯ আগষ্ট ২০২৪ তারিখ গাক প্রশিক্ষণ কক্ষ, গাক টাওয়ার, বনানী বগুড়ায় অনুষ্ঠিত হয়। উক্ত প্রশিক্ষণ কোর্সের সমাপনী সেশনে উপস্থিত ছিলেন গাক'র নির্বাহী পরিচালক ড. খন্দকার আলমগীর হোসেন। তিনি প্রশিক্ষনার্থীদের উক্ত প্রশিক্ষণের শিক্ষন থেকে জ্ঞান নিয়ে মাঠ পর্যায়ে কার্যক্রম বাস্তবায়নে সততা, নিষ্ঠা, স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করার পরামর্শ প্রদান করেন। পাশাপাশি সংস্থার ঋণ কার্যক্রমের গুনগত মান বৃদ্ধি ও সদস্যদের সঞ্চয়মুখী করতে উদ্বুদ্ধকরণের উপর গুরুত্বারোপ করেন। উল্লেখ্য যে, সংস্থার ঋণ কর্মসূচি ও উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের সাথে সম্পৃক্ত সিসি, জোনাল ম্যানেজার, কো-অর্ডিনেটর ও প্রকল্প ব্যবস্থাপকদের অংশগ্রহণে অনুষ্ঠিত এই প্রশিক্ষণ কোর্সটি পরিচালনায় সহায়তা করছেন ব্র্যাক ট্রেনিং ফ্যাসিলিটেশন ইউনিট। এছাড়াও প্রশিক্ষণের সমাপনী সেশনে উপস্থিত ছিলেন সংস্থার সিনিয়র পরিচালক ড. মোঃ মাহবুব আলম, পরিচালক (মনিটরিং এন্ড রিভিউ) হজকিল মোঃ আবু হাসান, পরিচালক (আইসিটি এন্ড আরএম) মোঃ রায়হানুস সাদাত সহ প্রশিক্ষণ বিভাগের কর্মকর্তাবৃন্দ।

## বন্যার্ত কৃষকদের মাঝে উচ্চ ফলনশীল ধান বীজ ও বিভিন্ন ধরণের সবজির বীজ বিতরণ



গ্রাম উন্নয়ন কর্ম (গাক), রাজশাহী বিশ্ববিদ্যালয়ের কৃষি অনুষদ, বিএডিসি এবং কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, সোনাগাজী, ফেনী এর যৌথ উদ্যোগে সোনাগাজী উপজেলার প্রান্তিক পর্যায়ের বন্যার্ত কৃষকদের মাঝে উচ্চ ফলনশীল ধান বীজ ও বিভিন্ন ধরণের সবজির বীজ বিতরণ করা হয়। প্রাথমিক পর্যায়ে ২০০ জন বন্যার্ত প্রান্তিক কৃষককে ১০ কেজি করে বীজ বিতরণ করা হয়।

## গাক'র নির্বাহী পরিচালক ড. খন্দকার আলমগীর হোসেন কর্তৃক গাক চক্ষু হাসপাতাল, বগুড়া পরিদর্শন



২০ই আগস্ট ২০২৪ ইং তারিখে গাক চক্ষু হাসপাতাল, বগুড়া পরিদর্শন করেন গাক'র নির্বাহী পরিচালক ড. খন্দকার আলমগীর হোসেন। এসময় উপস্থিত ছিলেন গাক'র সিনিয়র পরিচালক ড. মোঃ মাহবুব আলম, পরিচালক (মেডিকেল) ডাঃ রেজাউন্নবী মন্ডল, উপ-পরিচালক মোঃ আরমান হোসেন, ম্যানেজার শাখাওয়াত হোসেন সহ অনেকেই। পরিদর্শনে হাসপাতালে আগত চক্ষু রোগীর সঙ্গে হাসপাতালের পরিবেশ, সেবা এবং সার্বিক বিষয় নিয়ে কথা বলেন এবং রোগীরা সেবা পেয়ে তার নিকট সন্তোষ প্রকাশ করেন।



## গাক'র প্রশিক্ষণ বিভাগ কর্তৃক আয়োজিত ২ দিনব্যাপী "ম্যাইক্রোফাইন্যান্স অপারেশনস এন্ড রিপোর্টিং সিষ্টেম ম্যানেজমেন্ট" বিষয়ক প্রশিক্ষণ অনুষ্ঠিত

গ্রাম উন্নয়ন কর্ম (গাক) এর প্রশিক্ষণ বিভাগ কর্তৃক আয়োজিত মাঠ পর্যায়ের কর্মকর্তাদের ব্যবস্থাপনিক দক্ষতা উন্নয়নের লক্ষ্যে ২ দিনব্যাপী "ম্যাইক্রোফাইন্যান্স অপারেশনস এন্ড রিপোর্টিং সিষ্টেম ম্যানেজমেন্ট" প্রশিক্ষণ গত ১৩-১৪ সেপ্টেম্বর ২০২৪ তারিখে এনজিও ফোরাম রিজিওনাল অফিস এন্ড ট্রেনিং সেন্টার, কুমিল্লায় অনুষ্ঠিত হয়। উক্ত প্রশিক্ষণ কোর্সের সমাপনী সেশনে উপস্থিত ছিলেন গাক'র নির্বাহী পরিচালক ড. খন্দকার আলমগীর হোসেন। তিনি প্রশিক্ষনার্থীদের উক্ত প্রশিক্ষণের শিক্ষন থেকে জ্ঞান নিয়ে মাঠ পর্যায়ে কার্যক্রম বাস্তবায়নে সততা, নিষ্ঠা, স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করার পরামর্শ প্রদান করেন। পাশাপাশি তিনি সংস্থার ঋণ কার্যক্রমের গুনগত মান বৃদ্ধি ও সদস্যদের সঞ্চয়মুখী করতে উদ্বুদ্ধকরণের উপর গুরুত্বারোপ করেন। প্রশিক্ষণের সমাপনী সেশনে আরও উপস্থিত ছিলেন সংস্থার সিনিয়র পরিচালক ড. মোঃ মাহবুব আলম সহ প্রশিক্ষণ বিভাগের কর্মকর্তাবৃন্দ। উল্লেখ্য যে, ঋণ কার্যক্রমের ২৫ জন বিএম ও বিএম ইনচার্জের অংশগ্রহণে ২ দিন ব্যাপী অনুষ্ঠিত এই কোর্সেটিতে সেশন পরিচালনা করেন মোঃ হুমায়ুন খালেদ, পরিচালক (প্রশাসন ও অভ্যন্তরীণ নিরীক্ষা), মোঃ আবু রায়হান মিয়া, পরিচালক (এসএমএপি), মোঃ আবজাল হোসেন, উপ-পরিচালক (এসএমএপি) এবং প্রশিক্ষণ বিভাগের কর্মকর্তাবৃন্দ। গাক'র ট্রেনিং কো-অর্ডিনেটর জনাব মোঃ কবীর উদ্দিন এর প্রত্যক্ষ তত্ত্বাবধানে এই প্রশিক্ষণ কোর্সটি পরিচালিত হয়।

গাক
Gram Unnayan Karma (GUK)

# তথ্য পরিক্রমা

গাক'র ত্রৈমাসিক প্রকাশনা (জুলাই-সেপ্টেম্বর ২০২৪) সংখ্যা ০৬



## গাক'র সাথে বাংলাদেশ ব্যাংক এর Small and Marginal Sized Farmers Agricultural Productivity Improvement and Diversification Financing Project (SMAP) প্রকল্পের চুক্তি স্বাক্ষর

গ্রাম উন্নয়ন কর্ম (গাক) কর্তৃক বাস্তবায়নাধীন "Small and Marginal Sized Farmers Agricultural Productivity Improvement and Diversification Financing Project" প্রকল্পের পরবর্তী ৩ বছরের জন্য আনুষ্ঠানিক চুক্তি ১ সেপ্টেম্বর ২০২৪ তারিখে বাংলাদেশ ব্যাংক এর প্রধান কার্যালয়, ঢাকায় স্বাক্ষরিত হয়। অনুষ্ঠানে গাক'র পক্ষে চুক্তি স্বাক্ষর করেন নির্বাহী পরিচালক ড. খন্দকার আলমগীর হোসেন এবং বাংলাদেশ ব্যাংকের পক্ষে পরিচালক, কৃষি ঋণ বিভাগ কানিজ ফাতেমা। উক্ত চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন বাংলাদেশ ব্যাংকের অতিরিক্ত পরিচালক মোঃ দেলোয়ার হোসেন, যুগ্ম পরিচালক মোঃ ছাইয়িদ আহমাদ এবং গাক'র পরিচালক মোঃ আবু রায়হান মিয়া সহ উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ।

উল্লেখ্য যে, বাংলাদেশ ব্যাংক ও জাইকা'র অর্থায়নে প্রকল্পটি ২০১৫ সাল থেকে গ্রাম উন্নয়ন কর্ম (গাক) দেশের ৩৩টি জেলায় লক্ষাধিক কৃষকদের মাঝে ঋণ সহায়তার পাশাপাশি উন্নত কৃষি প্রযুক্তি, প্রাণি সেবা, প্রশিক্ষণ, আধুনিক কৃষি যন্ত্রপাতি ও মানসম্মত কৃষি উপকরণ সরবরাহ করে কৃষিজ পণ্যের উৎপাদন বৃদ্ধি এবং বাজার ব্যবস্থার উন্নয়নের মাধ্যমে কৃষকদের আয় বৃদ্ধি করা হচ্ছে। এরই ধারাবাহিকতায় প্রতি ৩ বছর পর পর এ প্রকল্পের চুক্তি সম্পাদন করা হয়।



## গাক চক্ষু হাসপাতাল কর্তৃক জয়পুরহাট জেলায় ফ্রি চক্ষু সেবা ক্যাম্প আয়োজন

১৭ সেপ্টেম্বর ২০২৪ তারিখে জয়পুরহাট জেলার ক্ষেতলাল উপজেলাধীন পাঠানপাড়া উচ্চ বিদ্যালয়ে গাক চক্ষু হাসপাতাল কর্তৃক ফ্রি চক্ষু সেবা ক্যাম্পের আয়োজন করা হয়। উক্ত ক্যাম্প থেকে ৮৭ জন চোখের ছানী রোগী চিহ্নিত করে গাক চক্ষু হাসপাতাল বগুড়ায় নিয়ে আসা হয় এবং তাদের চোখের ছানী সফলভাবে অপারেশন করা হয়। অপারেশন পরবর্তী রোগীর ফিডব্যাক ও যথাযথ দিকনির্দেশনা প্রদান করেন গাক চক্ষু হাসপাতালের পরিচালক (মেডিকেল) ডাঃ হাসান শহীদ মোঃ রেজাউন্নবী মন্ডল। চোখের অপারেশনের পর প্রত্যেক রোগী স্বচ্ছ দৃষ্টিশক্তি ফিরে পেয়ে হাসি মুখে হাসপাতালের নিজস্ব গাড়ীতে নিজ নিজ বাড়িতে ফিরে যান।

## গাক'র প্রশিক্ষণ বিভাগ কর্তৃক আয়োজিত ২ দিনব্যাপী "Competency Development Training on Managing Self" প্রশিক্ষণ অনুষ্ঠিত



গ্রাম উন্নয়ন কর্ম (গাক) এর প্রশিক্ষণ বিভাগ কর্তৃক আয়োজিত মাঠ পর্যায়ের প্রোমোটেড বিএমদের দক্ষতা উন্নয়নের লক্ষ্যে ২ দিনব্যাপী "Competency Development Training on Managing Self" প্রশিক্ষণ গত ১৬-১৭ আগষ্ট ২০২৪ তারিখ গাক প্রশিক্ষণ কক্ষ, গাক টাওয়ার, বনানী বগুড়ায় অনুষ্ঠিত হয়। উক্ত প্রশিক্ষণ কোর্সের সমাপনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন গাক'র নির্বাহী পরিচালক ড. খন্দকার আলমগীর হোসেন। তিনি প্রশিক্ষনার্থীদের উক্ত প্রশিক্ষণের শিক্ষন থেকে জ্ঞান নিয়ে মাঠ পর্যায়ে কার্যক্রম বাস্তবায়নে সততা, নিষ্ঠা, স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করার পরামর্শ প্রদান করেন। উল্লেখ্য যে, সংস্থার ঋণ কর্মসূচি বাস্তবায়নের সাথে সম্পৃক্ত প্রোমোটেড বিএমদের অংশগ্রহণে অনুষ্ঠিত এই প্রশিক্ষণ কোর্সটি পরিচালনায় সহায়তা করছেন ব্র্যাক ট্রেনিং ফ্যাসিলিটেশন ইউনিট।



## প্রকল্পভুক্ত বাণিজ্যিক খামারীদের সাথে মতবিনিময় ও পরামর্শ প্রদান

গ্রাম উন্নয়ন কর্ম (গাক) কর্তৃক বাস্তবায়নাধীন আন্তর্জাতিক কৃষি উনয়ন তহবিল (ইফাদ), ডানিডা ও পিকেএসএফ'র আর্থিক ও কারিগরি সহায়তায় পরিচালিত আরএমটিপি-পোল্ট্রি প্রকল্পের আওতায় বগুড়া জেলার বাণিজ্যিক পোল্ট্রি খামারীদের নিয়ে প্রকল্প অফিসে পোল্ট্রি উৎপাদন ব্যবস্থাপনা, ক্রয়-বিক্রয়, বিপনন, এফ-কমার্স সহ বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয় নিয়ে আলোচনা করা হয়। এসময় খামারীদের বিভিন্ন সমস্যা চিহ্নিত পুর্বক সাফল্য আনয়নে বস্তুনিষ্ঠ মতামত ও পরামর্শ প্রদান করা হয়।

গাক
Gram Unnayan Karma (GUK)

# তথ্য পরিক্রমা

গাক'র ত্রৈমাসিক প্রকাশনা (জুলাই-সেপ্টেম্বর ২০২৪) সংখ্যা ০৬



## গ্রাম উন্নয়ন কর্ম (গাক) কর্তৃক বাস্তবায়নাধীন Rmtp প্রকল্পের "নিরাপদ মাংস ও দুগ্ধজাত পণ্যের বাজার উন্নয়ন" উপ-প্রকল্পের মাঠ দিবস অনুষ্ঠিত

আন্তর্জাতিক কৃষি উন্নয়ন তহবিল (ইফাদ), ডানিডা , পিকেএসএফ এর আর্থিক ও কারিগরি সহায়তায় এবং গ্রাম উন্নয়ন কর্ম (গাক) কর্তৃক বাস্তবায়নাধীন "রুরাল মাইক্রো-এন্টারপ্রাইজ ট্রান্সফরমেশন" প্রকল্পের "নিরাপদ মাংস ও দুগ্ধজাত পণ্যের বাজার উন্নয়ন" উপ-প্রকল্পের আওতায় ৩০ সেপ্টম্বর ২০২৪ তারিখে শাজাহানপুর উপজেলার প্রাণিসম্পদ অধিদপ্তরের ভেটেরিনারি সার্জন ডাঃ মোঃ তারেক হাসান এর তত্ত্বাবধানে ও প্রাইভেট সেক্টর (ফিড কোম্পানী, ঘাসের বীজ কোম্পানী এবং ডিলার/সাব ডিলার), বিভিন্ন উদ্যোক্তা ও খামারী সহ সকলের যৌথ উদ্যোগে মাঠ দিবস অনুষ্ঠিত হয়। এই মাঠ দিবসের মাধ্যমে গবাদি পশুর দৈহিক বৃদ্ধি, পুনরুৎপাদন ক্ষমতা বৃদ্ধির পাশাপাশি বেশি পরিমাণে পুষ্টিকর গুনাগুন সম্পন্ন দুধের উৎপাদন বৃদ্ধির ধারা অক্ষুন্ন রাখা সহ কোম্পানি প্রতিনিধিরা সক্রিয়ভাবে তাদের প্রত্যেকে নিজস্ব পণ্যের গুনাগুন সম্পর্কে খামারিদের অভিহিত করেন।

## গাক আরএমটিপি ডেইরী প্রকল্পের মাসিক অগ্রগতি সভা অনুষ্ঠিত



গ্রাম উন্নয়ন কর্ম (গাক) কর্তৃক বাস্তবায়নাধীন আন্তর্জাতিক কৃষি উন্নয়ন তহবিল (ইফাদ) , ডানিডা ও পিকেএসএফ'র আর্থিক ও কারিগরি সহায়তায় পরিচালিত আরএমটিপি-ডেইরী প্রকল্পের আওতায় সেপ্টেম্বর মাসের মাসিক অগ্রগতি সভা গাক এর প্রধান কার্যালয়ের কনফারেন্স কক্ষে অনুষ্ঠিত হয়েছে। এ সময় গ্রাম উন্নয়ন কর্ম (গাক) এর সিনিয়র পরিচালক ও গাক আরএমটিপি ডেইরী প্রকল্পের ফোকাল পার্সন ড. মোঃ মাহবুব আলম, সমন্বয়কারী-কমিউনিকেশন এন্ড ডকুমেন্টেশন মোঃ জিয়া উদ্দিন সরদার ও উপ প্রকল্পের ব্যবস্থাপক ও প্রকল্পভুক্ত কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। ড. মোঃ মাহবুব আলম ভিজিট পরবর্তী বিভিন্ন চ্যালেঞ্জ ও তার সমাধান সহ প্রকল্পের সার্বিক অগ্রগতি, চ্যালেঞ্জ ও ভবিষ্যত পরিকল্পনা ও বাজেট সংক্রান্ত বিষয়াবলী নিয়ে বিস্তারিত আলোচনা এবং দিক নির্দেশনা প্রদান করেন।

## গাক আরএমটিপি- মিট এন্ড ডেইরী প্রকল্পের আওতায় লিড খামারিদের উন্নততর প্রযুক্তিগত ও ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ




গ্রাম উন্নয়ন কর্ম (গাক) কর্তৃক বাস্তবায়নাধীন আন্তর্জাতিক কৃষি উন্নয়ন তহবিল (ইফাদ) , ডানিডা ও পিকেএসএফ'র আর্থিক ও কারিগরি সহায়তায় রুরাল মাইক্রোএন্টারপ্রাইজ ট্রান্সফর্মেশন প্রজেক্ট (আরএমটিপি) প্রকল্পের আওতায় ১১ জুলাই ২০২৪ তারিখে এক যোগে বগুড়া সদর, শাজাহানপুর ও সারিয়াকান্দি উপজেলায় লিড খামারিদের দিনব্যাপী গবাদী প্রাণীপালনে উন্নততর প্রযুক্তিগত ও ব্যবস্থাপনা বিষয়ক প্রশিক্ষণ শুরু হয়েছে। বগুড়া সদরে প্রথম ধাপের প্রশিক্ষক হিসেবে উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা প্রাণীসম্পদ কর্মকর্তা ডাঃ মোছাঃ নাছরীন পারভীন, বগুড়া, শাজাহানপুর উপজেলায় প্রশিক্ষক হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা ডাঃ হোসাইন মোঃ রাকিবুর রহমান, শাজাহানপুর, বগুড়া এবং সারিয়াকান্দি উপজেলায় উপস্থিত ছিলেন উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা ডাঃ মোঃ শাহ্ আলম, সারিয়াকান্দি বগুড়া। দ্বিতীয় ধাপের আলোচনায় তিন উপজেলায় প্রশিক্ষক হিসেবে তিনজন গ্যাপ মাস্টার ট্রেইনার উপস্থিত ছিলেন। প্রশিক্ষণে গবাদী প্রাণির জাত নির্বাচন, খাদ্য ব্যবস্থাপনা, চিকিৎসা, বাসস্থান ও কৃত্রিম প্রজনন বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয় ।




## চিকেন কুপ মডেল পদ্ধতিতে দেশি মুরগী পালনের জন্য অনুদানের চেক প্রদান

গ্রাম উন্নয়ন কর্ম (গাক) কর্তৃক বাস্তবায়নাধীন আন্তর্জাতিক কৃষি উন্নয়ন তহবিল (ইফাদ), ডানিডা ও পিকেএসএফ'র আর্থিক ও কারিগরি সহায়তায় পরিচালিত আরএমটিপি-পোল্ট্রি প্রকল্পের আওতায় বগুড়া জেলার শাজাহানপুর উপজেলার চুপিনগর ইউনিয়নে চিকেন মডেল কুপ পদ্ধতিতে দেশি মুরগী থেকে বাচ্চা ফোটানোর জন্য ৩০০ হ্যাচিং ক্ষমতা সম্পন্ন মিনি ইনকিউবেটর মেশিন ক্রয় করেছেন মোঃ তারেকুল ইসলাম।

গাক
Gram Unnayan Karma (GUK)

# তথ্য পরিক্রমা

গাক'র ত্রৈমাসিক প্রকাশনা (জুলাই-সেপ্টেম্বর ২০২৪) সংখ্যা ০৬



## গাক শিক্ষা কর্মসূচি কর্তৃক পরিচালিত উপানুষ্ঠানিক শিক্ষা কেন্দ্রের শিক্ষার্থীদের একাংশ

গাক শিক্ষা কর্মসূচি কর্তৃক পরিচালিত উপানুষ্ঠানিক শিক্ষাকেন্দ্র গুলিতে ঝরে পড়া স্কুল বিমুখ শিক্ষার্থীদের ভর্তি করানো হয়। এই কেন্দ্রগুলো থেকে বিভিন্ন মেয়াদে কোর্স সমাপ্ত করে সরকারি প্রাথমিক বিদ্যালয় ও মাধ্যমিক এবং উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ে ভর্তি হয়। ছবিতে কড়িতলা উচ্চ বিদ্যালয়ে গাক স্কুল থেকে কোর্স সমাপ্ত করে বিভিন্ন শ্রেণীর শিক্ষার্থীবৃন্দ।




## গ্রাম উন্নয়ন কর্ম (গাক) কর্তৃক বাস্তবায়নাধীন "ভালনারেবল উইমেন বেনিফিট" (ভিডব্লিউবি) উপকারভোগী বাছাই এবং ভিডব্লিউবি খাদ্য বিতরণ সংক্রান্ত অবহিতকরণ সভা

গ্রাম উন্নয়ন কর্ম (গাক) কর্তৃক বাস্তবায়নাধীন ২০২৩-২০২৪ চক্রের "ভালনারেবল উইমেন বেনিফিট" (ভিডব্লিউবি) উপকারভোগী বাছাই এবং ভিডব্লিউবি খাদ্য বিতরণ সংক্রান্ত পরিপত্রের উপর উপজেলা পর্যায়ে অবহিতকরণ সভায় উপস্থিত ছিলেন নন্দীগ্রাম উপজেলা নির্বাহী অফিসার মোসাঃ লায়লা আঞ্জুমান বানু, উপস্থিত ছিলেন নন্দীগ্রাম উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সুলতানা আকতার বানু। এছাড়াও অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ভিডব্লিউবি এর উপজেলা কমিটির সদস্যবৃন্দ।

## গাক ইন্সটিটিউট অব টেকনোলজি (জিআইটি) প্রতিষ্ঠানের নার্সিং কেয়ারগিভিং নিয়মিত ৩য় ব্যাচের উদ্বোধনী ক্লাস ও শুভেচ্ছা বিনিময়



গ্রাম উন্নয়ন কর্ম (গাক) পরিচালিত গাক ইন্সটিটিউট অব টেকনোলজি (জিআইটি) প্রতিষ্ঠানের নার্সিং কেয়ারগিভিং নিয়মিত ৩য় ব্যাচের নতুন শিক্ষার্থীদের সাথে উদ্বোধনী ক্লাস ও শুভেচ্ছা বিনিময় এবং নার্সিং কেয়ারগিভিং নিয়মিত ২য় ব্যাচের বিদায়ী সংবর্ধনা। উক্ত উদ্বোধনী ক্লাস ও শুভেচ্ছা বিনিময় এবং বিদায়ী সংবর্ধনা অনুষ্ঠানে উপস্থিত ছিলেন গ্রাম উন্নয়ন কর্ম (গাক) এর পরামর্শক মোঃ মোবারক হোসেন তালুকদার এবং গাক ইন্সটিটিউট অব টেকনোলজি (জিআইটি) এর অধ্যক্ষ মোঃ আহসান হাবীব। এছাড়াও উপস্থিত ছিলেন গাক ইন্সটিটিউট অব টেকনোলজি (জিআইটি) প্রতিষ্ঠানের শিক্ষক ও শিক্ষার্থীবৃন্দ।




## গ্রাম উন্নয়ন কর্ম (গাক) কর্তৃক বাস্তবায়নাধীন ব্র্যাক ব্যাংক পিএলসি এর আর্থিক সহায়তায় চরাঞ্চলে উচ্চ মূল্যের ফসল (High Value Crop) উৎপাদন ও বাজার উন্নয়ন শীর্ষক প্রকল্পের হাইব্রিড মরিচ প্রদর্শনী প্লটের বীজ ও উপকরণ বিতরণ

গ্রাম উন্নয়ন কর্ম (গাক) কর্তৃক বাস্তবায়নাধীন ব্র্যাক ব্যাংক পিএলসি এর আর্থিক সহায়তায় চরাঞ্চলে উচ্চ মূল্যের ফসল (High Value Crop) উৎপাদন ও বাজার উন্নয়ন শীর্ষক প্রকল্পের আওতায় কাজলা, সারিয়াকান্দি চরের নির্বাচিত চাষীদের মাঝে বিনামূল্যে ১৮ আগস্ট ২৪ তারিখে হাইব্রিড মরিচ প্রদর্শনী প্লটের বীজ ও বিভিন্ন উপকরণ বিতরণ করা হয়। উক্ত বীজ বিতরণ অনুষ্ঠানে মোট ৪০ জন কৃষক এর মাঝে হাইব্রিড মরিচ প্রদর্শনী প্লটের বীজ ও বিভিন্ন উপকরণ বিতরণ করা হয়। উক্ত বীজ বিতরণ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন হাই ভেলু প্রকল্পের প্রকল্প ব্যাবস্থাপক ও প্রকল্পের কর্মকর্তাবৃন্দ।

গাক তথ্য পরিক্রমা
Gram Unnayan Karma (GUK)
গাক'র ত্রৈমাসিক প্রকাশনা (জুলাই-সেপ্টেম্বর ২০২৪) সংখ্যা ০৬



## গ্রাম উন্নয়ন কর্ম (গাক) কর্তৃক হুইল চেয়ার বিতরন, শ্রেষ্ঠ প্রবীণ ও শ্রেষ্ঠ সন্তান সম্মাননা প্রদান

গ্রাম উন্নয়ন কর্ম (গাক) কর্তৃক বাস্তবায়নাধীন, পিকেএসএফ এর আর্থিক সহায়তায় সমৃদ্ধি কর্মসূচি'র আওতায় প্রবীণ জনগোষ্ঠীর জীবন মান উন্নয়ন কর্মসূচির আওতায় হুইল চেয়ার বিতরন, শ্রেষ্ঠ প্রবীণ ও শ্রেষ্ঠ সন্তান সম্মাননা প্রদান অনুষ্ঠানটি ২১ জুলাই ২০২৪ তারিখে সারিয়াকান্দি সদর ইউনিয়নের দিঘলকান্দি সমৃদ্ধি অফিসে অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গাক'র সিনিয়র পরিচালক ড. মোঃ মাহবুব আলম, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ডাঃ মোঃ রফিকুল ইসলাম এমবিবিএস, এএফসিপিএস (মেডিসিন) মোহাম্মাদ আলী হাসপাতাল, বগুড়া। গাক'র সমৃদ্ধি কর্মসূচির সমন্বয়কারী মোঃ সাদিকুল হাসান খানের সঞ্চালনায় উক্ত অনুষ্ঠানের ৫ জন প্রবীণ কে শ্রেষ্ঠ প্রবীণ সম্মাননা এবং ৫ জন কে শ্রেষ্ঠ সন্তান সম্মাননা পুরস্কারে ভূষিত করা হয়। এছাড়াও অনুষ্ঠানে উপস্থিত ছিলেন প্রকল্পের কর্মকর্তা কর্মচারীসহ স্থানীয় গন্যমান্য ব্যক্তিবর্গ।

## গাক চক্ষু হাসপাতাল, উত্তরা এবং মাহাদ স্কুল এন্ড কলেজ, উত্তরা'র সাথে কর্পোরেট চুক্তি স্বাক্ষর




গাক চক্ষু হাসপাতাল উত্তরা সম্প্রতি মাহাদ স্কুল এন্ড কলেজ উত্তরার সাথে কর্পোরেট চুক্তি সম্পন্ন করেছে। চুক্তির অধীনে সকল শিক্ষকগণ কর্মকর্তা কর্মচারী ও সকল শিক্ষার্থীর বাবা, মা গাক চক্ষু হাসপাতালের অগ্রাধিকার ভিত্তিক সান্ধ্যকালীন কর্পোরেট চক্ষু সেবা নিতে পারবেন। চুক্তি সম্পাদন অনুষ্ঠানে হাসপাতালের পক্ষে উপস্থিত ছিলেন চীফ কনসালটেন্ট ডাঃ মোঃ আল রাজী। উপস্থিত ছিলেন হাসপাতাল ম্যানেজার মোঃ মোতাহারুল ইসলাম এবং মোঃ গিয়াস উদ্দিন এক্সিকিউটিভ কর্পোরেট অ্যান্ড ডিজিটাল মার্কেটিং। মাহাদ স্কুল এন্ড কলেজ এর পক্ষে উপস্থিত ছিলেন প্রিন্সিপাল নুরজাহান শামস। আরো উপস্থিত ছিলেন হারুন অর রশিদ ভাইস প্রিন্সিপাল ও নীলা নাসরিন হেড অফ এইচ আর উপস্থিত থেকে নিজ নিজ প্রতিষ্ঠানের পক্ষে স্বাক্ষর করেন।

## গাক'র আয়োজনে RAISE প্রকল্পের আওতায় Life Skills Development Training কর্মশালা অনুষ্ঠিত




গ্রাম উন্নয়ন কর্ম (গাক) কর্তৃক বাস্তবায়নাধীন বিশ্বব্যাংক ও পিকেএসএফ এর অর্থায়নে পরিচালিত Recovery and Advancement of Informal Sector Employment (RAISE) প্রকল্পের আওতায় সহযোগী সংস্থার কর্মকর্তাগণদের অংশগ্রহণে ৪ দিনব্যাপি Life Skills Development Training কর্মশালা গাক কনফারেন্স হল, গাক টাওয়ার, বনানী, বগুড়ায় শুভ উদ্বোধন হয়। গাক'র সমন্বয়কারী মো. জিয়াউদ্দিন সরদারের সঞ্চালনায় কর্মশালার শুভ উদ্বোধন ও স্বাগত বক্তব্য প্রদান করেন গাক মাইক্রোফাইন্যান্স এর পরিচালক মো. মুখলেছুর রহমান। অনুষ্ঠানে আরও বক্তব্য প্রদান করেন মো. শাহীনুর কবীর (পরিবেশ বিশেষজ্ঞ, RAISE প্রকল্প, পিকেএসএফ)। ৪ দিন ব্যাপী প্রশিক্ষণ কর্মশালায় প্রশিক্ষক হিসাবে উপস্থিত ছিলেন মোঃ ইকবাল হোসেন আরমান ও বুশরা মাহমুদ (প্রশিক্ষক, মনের বন্ধু)। অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন, গাক'র ট্রেনিং কো-অর্ডিনেটর মোঃ কবীর উদ্দিন ও RAISE প্রকল্পের কর্মকর্তাবৃন্দ।



## গ্রাম উন্নয়ন কর্ম (গাক) কর্তৃক বাস্তবায়নাধীন "উন্নত প্রযুক্তিগত ও ব্যবস্থাপনা প্রশিক্ষণ" অনুষ্ঠিত

গ্রাম উন্নয়ন কর্ম (গাক) কর্তৃক বাস্তবায়নাধীন আন্তর্জাতিক কৃষি উন্নয়ন তহবিল (ইফাদ), ডানিডা ও পিকেএসএফ'র আর্থিক ও কারিগরি সহায়তায় পরিচালিত আরএমটিপি-পোল্ট্রি প্রকল্পের আওতায় বগুড়া জেলার শাজাহানপুর উপজেলার চোপিনগর ইউনিয়নের ব্যাপারী পাড়া ও হাটপাড়া গ্রামে পোল্ট্রি বিষয়ে উন্নত প্রযুক্তিগত ও ব্যবস্থাপনা প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে। এসময় প্রশিক্ষক হিসেবে উপস্থিত থেকে প্রশিক্ষণ পরিচালনা করেন বগুড়া জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা ডাঃ মোঃ আনিসুর রহমান এবং অতিরিক্ত জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা ডাঃ মোছাঃ নাছরীন পারভীন।

গাক
Gram Unnayan Karma (GUK)

# তথ্য পরিক্রমা

গাক'র ত্রৈমাসিক প্রকাশনা (জুলাই-সেপ্টেম্বর ২০২৪) সংখ্যা ০৬




## WCAD স্কেল-আপ প্রোগ্রামের জন্য "Top Performance Award" সম্মাননা পুরস্কার লাভ করে গ্রাম উন্নয়ন কর্ম (গাক)

গ্রাম উন্নয়ন কর্ম (গাক) ওয়াটারক্রেডিট অ্যাডপশন (ডব্লিউসিএডি) স্কেল-আপ প্রোগ্রামের সফল বাস্তবায়নের জন্য Water.org এবং ইনস্টিটিউট ফর ইনক্লুসিভ ফিন্যান্স (InM) এর পক্ষ থেকে সম্মাননা লাভ করে। সম্মাননাটি ৬ অক্টোবর, ২০২৪-এ বিডা, ঢাকায় অনুষ্ঠিত "কিকঅফ এবং ওরিয়েন্টেশন মিটিং" শীর্ষক অনুষ্ঠানে প্রদান করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পিকেএসএফ-এর অতিরিক্ত ব্যবস্থাপনা পরিচালক (এএমডি) ড. মোঃ জসিম উদ্দিন। বিশেষ অতিথি ছিলেন Water.org এর নির্বাহী পরিচালক (দক্ষিণ এশিয়া) ও বাংলাদেশ কান্ট্রি ডিরেক্টর সাজিদ আমিত। অনুষ্ঠানের সভাপতিত্ব করেন InM-এর নির্বাহী পরিচালক ড. মুস্তাফা কে. মুজেরি। গাক এর সমন্বয়কারী-কমিউনিকেশন ও ডকুমেন্টেশন মোঃ জিয়া উদ্দিন সরদার সংস্থার পক্ষ থেকে সম্মাননাটি গ্রহণ করেন।



## গাক'র আয়োজনে SMART প্রকল্পের আওতায় Staff Capacity Building Training & Refreshers কর্মশালা অনুষ্ঠিত

গ্রাম উন্নয়ন কর্ম (গাক) কর্তৃক বাস্তবায়নাধীন Sustainable Microenterprise & Resilient Transformation (SMART) প্রকল্পের আওতায় মাইক্রোফাইন্যান্স ও SMART প্রকল্পের কর্মকর্তাদের অংশগ্রহনে দিনব্যাপি Staff Capacity Building Training & Refreshers কর্মশালা গাক কনফারেন্স হল, গাক টাওয়ার, বনানী, বগুড়ায় সফলভাবে অনুষ্ঠিত হয়েছে। প্রকল্প ব্যবস্থাপক মোঃ সাইফুল ইসলামের সঞ্চালনায় কর্মশালার শুভ উদ্বোধন ও স্বাগত বক্তব্য প্রদান করেন গাক মাইক্রোফাইন্যান্স এর পরিচালক মোঃ মুখলেছুর রহমান। তিনি তার বক্তব্যে প্রকল্পের আওতায় মাইক্রোএন্টারপ্রাইজ ব্যবস্থাপনার কৌশল, উদ্যোক্তার প্রোফাইল, বাজার বিশ্লেষণ, পণ্য উন্নয়ন এবং গ্রাহক চাহিদা মূল্যায়ন, নতুন উদ্যোগ পরিচালনা ও কীভাবে একটি ক্ষুদ্র উদ্যোগকে টেকসই করা যায়, সে সম্পর্কে বিস্তারিত ধারণা প্রদান করেন। অনুষ্ঠানে আরও বক্তব্য প্রদান করেন মোঃ হুমায়ন খালিদ, পরিচালক (প্রশাসন ও অভ্যন্তরীণ নিরীক্ষা), মোঃ হাসান আশরাফুজ্জামান, যুগ্ম পরিচালক (সিসি বগুড়া ডিভিশন, এসএমএপি), মোঃ রবিউল ইসলাম, যুগ্ম পরিচালক (সিসি বগুড়া ডিভিশন, পিকেএসএফ), মোঃ রাফিউল ইসলাম, যুগ্ম পরিচালক (অর্থ ও হিসাব), মোঃ খোরশেদ আলম, যুগ্ম পরিচালক (অর্থ ও হিসাব), মোঃ আব্দুর রহিম, সি. সহকারী পরিচালক প্রমুখ ।



## গাক'র নির্বাহী পরিচালক ড. খন্দকার আলমগীর হোসেন কর্তৃক জিগ্যালোর এর কার্যক্রম পরিদর্শন

দেশে নতুন লাইফস্টাইল ব্র্যান্ড হিসেবে গাক'র অঙ্গপ্রতিষ্ঠান "জিগ্যালোর" এর আউটলেট পরিদর্শন করে সন্তোষ প্রকাশ করেছেন গ্রাম উন্নয়ন কর্ম (গাক) এর নির্বাহী পরিচালক ড. খন্দকার আলমগীর হোসেন। এসময় উপস্থিত ছিলেন সংস্থার সিনিয়র পরিচালক ড. মোঃ মাহবুব আলম। জিগ্যালোর এর আউটলেটে নতুন নতুন ডিজাইনের লাইফস্টাইল পণ্য, গুণগত মান এবং পণ্যের মূল্য দেখে সন্তোষ প্রকাশ করেন। তিনি জিগ্যালোর এর উন্নয়নের এ ধারাবাহিকতা বজায় রাখার জন্য সংশ্লিষ্ট সকলের প্রতি আহ্ববান জানান।